

State Visit of the President of India to the Republic of Turkmenistan and Kingdom of the Netherlands (April 1-7, 2022)

March 22, 2022

তুর্কমেনিস্তান প্রজাতন্ত্র এবং নেদারল্যান্ড রাজতন্ত্রে ভারতের রাষ্ট্রপতির রাষ্ট্রীয় সফর (এপ্রিল 1-7, 2022)

মার্চ 22, 2022

1-4 ঠা এপ্রিল 2022 -এ তুর্কমেনিস্তানের রাষ্ট্রপতির আমন্ত্রণে ভারতের মহামান্য রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোবিন্দ তুর্কমেনিস্তানে রাষ্ট্রীয় সফর করবেন। স্বাধীন তুর্কমেনিস্তানে ভারতের রাষ্ট্রপতির এটাই হবে সর্বপ্রথম সফর। এই সফরটি তুর্কমেনিস্তানের নতুন রাষ্ট্রপতির অভিষেকের ঠিক পরে পরেই হচ্ছে।

এই সফরকালে রাষ্ট্রপতি, 2022 -এর জানুয়ারি মাসে অনুষ্ঠিত ভারত-মধ্য এশিয়া শীর্ষসম্মেলনের ফলাফলের বাস্তবায়নসহ দ্বিপাক্ষিক ও আঞ্চলিক সহযোগিতার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য তুর্কমেনিস্তানের নতুন রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি মিস্টার সেরদার বেরদিমুহামেদভ-এর সাথে সাক্ষাৎ করবেন। এই সফরকালে কয়েকটি চুক্তি/মৌ স্বাক্ষরিত হবে বলেও আশা করা যাচ্ছে।

তুর্কমেনিস্তান সফরের পরে মহামান্য রাজা উইলিয়াম -আলেকজান্ডার এবং মহামান্যা রানী ম্যাক্সিমা আমন্ত্রণে রাষ্ট্রপতি 4 থেকে 7 ই এপ্রিল 2022 -এ নেদারল্যান্ড রাজতন্ত্রে রাষ্ট্রীয় সফর করবেন। রাষ্ট্রপতি, তুর্কমেনিস্তানের মহামান্য রাজা এবং প্রধানমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার মার্ক রুত্তে-এর সাথে আলোচনায় বসবেন।

আসন্ন সফরটির গুরুত্ব রয়েছে এই কারণে যে 2022 সালে ভারত ও নেদারল্যান্ড তাদের মধ্যে কূটনৈতিক স্থাপনের 75 তম বার্ষিকী উদযাপন করছে। 2021 সালের দুই দেশের প্রধানমন্ত্রীর মধ্যে ভারুয়াল শীর্ষসম্মেলনের সময় জলের মত গুরুত্বপূর্ণ ক্ষেত্রে দুই দেশের মধ্যে সম্পর্কের স্তরকে বৃদ্ধি করার জন্য একটি কৌশলগত অংশীদারিত্ব চালু করা হয়েছিল। কৃষি, স্বাস্থ্য, নগর উন্নয়ন, বিজ্ঞান ও প্রযুক্তির মত ক্ষেত্রগুলিতে সহযোগিতা হল দ্বিপাক্ষিক সম্পর্কের অন্যান্য স্তম্ভ। ভারতের চতুর্থ বৃহত্তম এফডিআই সংস্থান দেশ সহ নেদারল্যান্ডও ভারতের একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ও বাণিজ্যিক অংশীদার। ইউরোপ মহাদেশে ভারতীয় অভিবাসীদের সর্বাধিক বসবাসও নেদারল্যান্ডে রয়েছে।

নিউ দিল্লি

মার্চ 22, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.